

১২ ক্যাডেট কলেজে পাসের হার শতভাগ, জিপিএ ৫ পেয়েছে ৫৯৮ জন

নিজস্ব
প্রতিবেদক

১২ মে, ২০২৪

১৯:০০

শেয়ার

অ +

অ -



ফৌজদারহাট ক্যাডেট কলেজ



দিনাইদহ ক্যাডেট কলেজ



মির্জাপুর ক্যাডেট কলেজ



রাজশাহী ক্যাডেট কলেজ



নীলোট ক্যাডেট কলেজ



রংপুর ক্যাডেট কলেজ



বরিশাল ক্যাডেট কলেজ



পাবনা ক্যাডেট কলেজ



ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ



কুমিল্লা ক্যাডেট কলেজ



ফেনী গার্লস ক্যাডেট কলেজ



জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ

চলতি বছরের এসএসসি পরীক্ষায় বাংলাদেশের ক্যাডেট কলেজগুলো ঈর্ষণীয় ফল অর্জন করেছে। এবারের এসএসসি পরীক্ষায় ১২টি ক্যাডেট কলেজে পাসের হার শতভাগ। এ ছাড়া ১২ ক্যাডেট কলেজে জিপিএ ৫ পেয়েছে ৫৯৮ জন।

আজ রবিবার (১২ মে) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে।

আইএসপিআর জানায়, এবারের এসএসসি পরীক্ষায় ১২টি ক্যাডেট কলেজ থেকে সর্বমোট ৬০০ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৯৮ জন জিপিএ ৫ পেয়েছে। পাসের হার শতভাগ এবং জিপিএ-৫ পেয়েছে ৯৯.৬৭ শতাংশ শিক্ষার্থী। ২০২৩ সালে এসএসসি পরীক্ষায় ১২টি ক্যাডেট কলেজের জিপিএ ৫ প্রাপ্তির হার ছিল ৯৯.৮৩ শতাংশ।

বাংলাদেশের ক্যাডেট কলেজগুলো প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুট্যান্ট জেনারেল ও সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত আবাসিক শিক্ষাপ্রতিষ্ঠান।

শুধু ভালো ফলাফল অর্জনই নয়, বরং চৌকস ও সুনামগরিক হিসেবে ক্যাডেটদের গড়ে তোলাই ক্যাডেট কলেজগুলোর লক্ষ্য। এ জন্য ক্যাডেটদের দৈনন্দিন কার্যক্রমে লেখাপড়ার পাশাপাশি চরিত্র গঠন ও সহশিক্ষা কার্যক্রমকে সমান গুরুত্ব দেওয়া হয়। কলেজ থেকে শিক্ষা লাভের পর ক্যাডেটরা যেন বর্তমান যুগের সঙ্গে তাল মিলিয়ে সম্মানজনক অবস্থানে পৌঁছতে পারে সেই লক্ষ্যে কলেজগুলোতে নতুন নতুন শিক্ষা ও সহশিক্ষা কার্যক্রম সংযুক্ত হচ্ছে।

ক্যাডেট কলেজের ক্যাডেটদের ধারাবাহিক সাফল্যের পেছনে রয়েছে ক্যাডেট কলেজের অভ্যন্তরীণ সুশৃঙ্খল পরিবেশ, অভিজ্ঞ অনুষদ সদস্যদের সার্বক্ষণিক পরিচর্যা ও তদারকি, ক্যাডেটদের অধ্যবসায়, নিয়মিত পড়াশোনা এবং আন্তরিক প্রচেষ্টা।

ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের সুষ্ঠু দিকনির্দেশনা, ক্যাডেট কলেজগুলোর অভিজ্ঞ ও যোগ্যতাসম্পন্ন অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অনুমদ সদস্যরা, কর্মকর্তা এবং কলেজে কর্মরত সব শ্রেণির ব্যক্তির ঐকান্তিক প্রচেষ্টা ও সম্মানিত অভিভাবকদের সহযোগিতায় এই সাফল্যজনক ফলাফল অর্জন সম্ভব হয়েছে।